ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭০৪
কাঞ্চনপুর, ১৫ মে, ২০২৫

**কাঞ্চনপুরে বিপর্যয় মোকাবিলা বিষয়ক মহড়া অনুষ্ঠিত**

কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল কাঞ্চনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে মহকুমাভিত্তিক বিপর্যয় মোকাবিলা বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় অংশগ্রহণ করেন টিএসআর ১৩নং ব্যাটেলিয়নের জওয়ানগণ, ত্রিপুরা পুলিশের জওয়ানগণ, অগ্নি নির্বাপক ও জরুরি পরিষেবা দপ্তর, স্বাস্থ্য দপ্তর, সিভিল ডিফেন্স ও আপদা মিত্র'র স্বেচ্ছাসেবকগণ। জরুরীকালীন পরিস্থিতিতে কি কি করণীয় তা মহড়ার মাধ্যমে প্রদর্শন করা হয়। মহড়ায় কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের ডিসিএম রাজীব ভট্টাচার্য সহ সংশ্লিষ্ট বিদ্যালয়ের ছাত্রছাত্রী এবং এলাকার জনগণ উপস্থিত ছিলেন।

*****